Live MCQ
সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি

# ১৪তম শিক্ষক নিবন্ধন (NTRCA) পরীক্ষা - ২০১৭ (স্কুল পর্যায় - ২)

১) মানুষের ভাষা কীসের সাহায্যে সৃষ্টি হয়?
ক) ইঙ্গিতের সাহায্যে খ) ঠোঁটের সাহায্যে
গ) কণ্ঠের সাহায্যে ঘ) বাগযন্ত্রের সাহায্যে
সঠিক উত্তরঃ ঘ) বাগযন্ত্রের সাহায্যে
ভাষার ক্ষুদ্রতম উপাদান ধ্বনি।
- ধ্বনি উচ্চারণ করতে যেসব প্রত্যঙ্গ কাজে লাগে, সেগুলোকে একত্রে বাগযন্ত্র বলে।
- মানবদেহের উপরিভাগে অবস্থিত ফুসফুস থেকে শুরু করে ঠোঁট পর্যন্ত ধ্বনি উৎপাদনে ব্যবহৃত প্রতিটি প্রত্যঙ্গই বাগযন্ত্রের অন্তর্ভুক্ত।
উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০২২ সংস্করণ)।

২) কথারীতি সমন্বয়ে শিষ্টজনের ব্যবহৃত ভাষাকে কী বলে?
ক) সাধু ভাষা খ) আদর্শ চলিত ভাষা
গ) আঞ্চলিক ভাষা ঘ) দেশি ভাষা
সঠিক উত্তরঃ খ) আদর্শ চলিত ভাষা
বিশ শতকের সূচনায় কলকাতার শিক্ষিত লোকের কথ্য ভাষাকে লেখ্য রীতির আদর্শ হিসেবে চালু করার চেষ্টা হয়।
- এটি তখন চলিত রীতি নামে পরিচিতি পায়। এই রীতিতে ক্রিয়া সর্বনাম, অনুসর্গ প্রভৃতি শ্রেণির শব্দ হ্রস্ব হয় এবং তৎসম শব্দের ব্যবহার অপ্রক্ষাকৃত কমে।
- প্রথম দিকে চলিত রীতিতে শুধু সাহিত্য রচনা হত; দাপ্তরিক কাজ ও বিদ্যাচর্চা ইত্যাদি হতো সাধু ভাষায়।
- বিশ শতকের মাঝামাঝি নাগাদ চলিত রীতি সাধু রীতির জায়গা দখল করে।
উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০২২ সংস্করণ)।

৩) 'সাক্ষী গোপাল' বাগধারাটির অর্থ কী?
ক) অপদার্থ খ) মূর্খ
গ) সক্রিয় দর্শক ঘ) নিষ্ক্রিয় দর্শক
সঠিক উত্তরঃ ঘ) নিষ্ক্রিয় দর্শক
'সাক্ষী গোপাল' বাগধারাটির অর্থ নিষ্ক্রিয় দর্শক।
বাক্য: সাক্ষী গোপাল হয়ে থাকলে এ সংসারে শুধু ঠকতেই হয়।
গুরুত্বপূর্ণ বাগধারা:
হস্তিমূর্খ - নিরেট বোকা।
লেফাফা দুরস্ত - পরিপাটি।
রাবণের চিতা - চির অশান্তি।
বুদ্ধির ঢেকি - নির্বোধ।
ব্যাঙের সর্দি - অসমভব বস্তু।
উৎস: ভাষা-শিক্ষা, হায়াৎ মামুদ।

৪) 'নেই আঁকড়া' বাগধারাটির অর্থ-
ক) একই স্বভাবের খ) নিরেট মূর্খ
গ) একগুঁয়ে ঘ) সহায় সম্বলহীন
সঠিক উত্তরঃ গ) একগুঁয়ে
'নেই আঁকড়া' বাগধারাটির অর্থ - একগুয়ে স্বভাবের।
উদাহরণ:
- তোমার মত নেই আঁকড়াকে দিয়ে কিছুই হবে না।
উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

৫) বাড়ি বা রাস্তার নম্বরের পরে কোন চিহ্ন বসে?
ক) দাঁড়ি খ) কোলন
গ) কমা ঘ) সেমিকোলন
সঠিক উত্তরঃ গ) কমা
কমা (,) এর ব্যবহার:
১) বাক্য সুস্পষ্ট করতে বাক্যকে কয়েকটি ভাগে ভাগ করে প্রতিটি ভাগের মাঝে কমা বসে। যেমন- সুখ চাও, সুখ পাবে বই পড়ে।
২) পরস্পর সম্পর্কিত একাধিক বিশেষ্য বা বিশেষণ পদ একসঙ্গে ব্যবহৃত হলে শেষ পদটি ছাড়া প্রতিটির পরে কমা বসে। যেমন- ১৬ ডিসেম্বর আমাদের মন সুখ, স্বাচ্ছন্দ্য, ভালবাসা, আনন্দে ভরে থাকে।
৩) সম্বোধনের পরে কমা বসে। যেমন- রশিদ, এদিকে এসো।
৪) জটিল বাক্যের প্রত্যেকটি খন্ডবাক্যের পরে কমা বসে। যেমন- যে পরিশ্রম করে, সেই সুখ লাভ করে।
৫) কোন বাক্যে উদ্ধৃতি থাকলে, তার আগের খন্ডবাক্যের শেষে কমা (,) বসে। যেমন- আহমদ ছফা বলেন, 'মানুষের উপর বিশ্বাস হারানো পাপ।' তুমি বললে, 'আমি কালকে আবার আসবো।'
৬) মাসের তারিখ লেখার সময় বার ও মাসের পর কমা বসে। যেমন- ২৫ বৈশাখ, ১৪১৮, বুধবার।
৭) ঠিকানা লেখার সময় বাড়ির নাম্বার বা রাস্তার নামের পর কমা বসে। যেমন- ৬৮, নবাবপুর রোড, ঢাকা- ১০০০।
৪) ডিগ্রী পদবি লেখার সময় কমা ব্যবহৃত হয়। যেমন- ডক্টর মুহম্মদ এনামুল হক, এম,এ, পি-এইচ,ডি।
উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০১৯ সংস্করণ)।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

৬) কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে, কোন যতিচিহ্নটি বসবে?
ক) কোলন খ) ড্যাস
গ) হাইফেন ঘ) সেমিকোলন
সঠিক উত্তরঃ সেমিকোলন
কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে সেমিকোলন (;) বসে।
যেমন: সংসারের মায়া জালে আবদ্ধ আমরা; এ মায়ার বাঁধন কি সত্যিই দুশ্ছেদ্য?
উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ (২০১৯ সংস্করণ)।

৭) কোন বানানটি সঠিক?
ক) সমিচিন খ) সমীচীন
গ) সমীচিন ঘ) সমিচীন
সঠিক উত্তরঃ খ) সমীচীন
সমীচীন (বিশেষণ)
- সংস্কৃত শব্দ
- প্রকৃতি প্রত্যয় = সম্যচ্+ঈন
অর্থ:
- সংগত, উপযুক্ত, উত্তম, যথার্থ; সত্য, উচিত
উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

৮) Man gets as much as he wants-এর সঠিক বাংলা অনুবাদ কোনটি?
ক) মানুষের চাওয়া বেশি, পাওয়ার বেশি।
খ) মানুষ যত পায়, তত চায়।
গ) মানুষের চাওয়ার শেষ নেই।
ঘ) মানুষ যা চায় তা পায় না।
সঠিক উত্তরঃ খ) মানুষ যত পায়, তত চায়।
Man gets as much as he wants-এর সঠিক বাংলা অনুবাদ = মানুষ যত পায়, তত চায়।
অন্যদিকে,
মানুষের চাওয়া বেশি, পাওয়ার বেশি = People want more, get more.
মানুষের চাওয়ার শেষ নেই = There is no end to what people want.
মানুষ যা চায় তা পায় না = People don't get what they want.

৯) 'It is a long story'-এর সঠিক বাংলা অনুবাদ -
ক) সে এক বিরাট ইতিহাস খ) বড়ো কাহিনি
গ) সে অনেক কথা ঘ) সে অনেক বড়ো কাহিনি
সঠিক উত্তরঃ গ) সে অনেক কথা
'It is a long story'-এর সঠিক বাংলা অনুবাদ = সে অনেক কথা।
অন্যদিকে,
সে এক বিরাট ইতিহাস। = It's a great history.
বড়ো কাহিনি। = big story.
সে অনেক বড়ো কাহিনি। = It's a big story.

১০) কোন বাক্যটি শুদ্ধ?
ক) অনেক সন্ন্যাসিতে গাজন নষ্ট।
খ) অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট।
গ) অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট।
ঘ) অধিক সন্ন্যাসীতে গান নষ্ট।
সঠিক উত্তরঃ খ) অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট।
শুদ্ধ বাক্যটি হলো- অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট।
অর্থ: অতিরিক্ত লোকের খবরদারিতে কাজ পণ্ড।
উৎস: ভাষা শিক্ষা, হায়াৎ মামুদ।

১১) শুদ্ধ কোনটি?
ক) ভূবন খ) ভুবন
গ) ভুবণ ঘ) ভূবণ
সঠিক উত্তরঃ খ) ভুবন
ভুবন (বিশেষ্য)
- সংস্কৃত শব্দ
- প্রকৃতি প্রত্যয় = ভু+√অন
অর্থ:
- পৃথিবী, জগৎ
- পুরাণে বর্ণিত চতুর্দশ লোক।
উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

১২) সন্নিহিত দুটি ধ্বনির মিলনকে কী বলে?
ক) সন্ধি খ) প্রত্যয়
গ) বচন ঘ) সমাস
সঠিক উত্তরঃ সন্ধি
সন্নিহিত দুটি ধ্বনির মিলনের নাম সন্ধি।
যেমন:
আশা+অতীত = আশাতীত
হিম+আলয় = হিমালয়
উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ (২০১৯ সংস্করণ)।

১৩) নিয়ম অনুসারে সন্ধি হয় না কোনটির?
ক) পাবক খ) শাবক
গ) কুলটা ঘ) গায়ক
সঠিক উত্তরঃ গ) কুলটা
কিছু স্বরসন্ধি সূত্র অনুসরণ করে না, সেগুলোকে নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি বলে।
যেমন – কুল+অটা = কুলটা (সূত্র অনুসারে কুলাটা হওয়ার কথা)।
গো+অক্ষ = গবাক্ষ (সূত্র অনুসারে গবক্ষ হওয়ার কথা) ইত্যাদি।
উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০২২ সংস্করণ)।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

১৪) 'রাজ্ঞী'-এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক) রাজ্ + নী খ) রাগ্ + নী
গ) রাজ্ + জ্ঞী ঘ) রাগ্ + জ্ঞী
সঠিক উত্তরঃ ক) রাজ্ + নী
ব্যঞ্জসন্ধিতে চ ও জ্ এর পর নাসিক্য ধ্বনি তালব্য হয়।
যেমন:
যাচ্+না = যাচ্ঞা
রাজ্ + নী = রাজ্ঞী
যজ্ + ন = যজ্ঞ
উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০১৯ সংস্করণ)।

১৫) সামীপ্য অর্থে কোন অধিকরণ হয়?
ক) অভিব্যাপক খ) আধারাধিকরণ
গ) ঐকদেশিক ঘ) কালাধিকরণ
সঠিক উত্তরঃ গ) ঐকদেশিক
যে স্থানে বা যে সময়ে ক্রিয়া সম্পাদন হয় তাকে বলে অধিকরণ কারক।
অধিকরণ কারক তিন প্রকার।
যথা-
১. আধারাধিকরণ,
২. কালাধিকরণ এবং
৩. ভাবাধিকরণ।
আধারাধিকরণ:
আধারাধিকরণ বা স্থানাধিকরণ কোন কোন স্থানকে বুঝায়। যেমন: তিলে তৈল আছে। ছেলেটি অঙ্কে কাচা। নদীতে পানি আছে।
এটি তিন ভাগে বিভক্ত। যথা : - ১. ঐকদেশিক, ২. অভিব্যাপক এবং ৩. বৈষয়িক।
• ঐকদেশিক:
বিশাল স্থানের যে কোনো এক অংশে ক্রিয়া সংঘটিত হলে তাকে ঐকদেশিক আধারাধিকরণ বলে। যেমন-
পুকুরে মাছ আছে। (পুকুরের যে কোনো একস্থানে)
বনে বাঘ আছে। (বনের যে কোনো এক অংশে)
আকাশে চাঁদ উঠেছে। (আকাশের কোনো এক অংশে)
সামীপ্যে অর্থেও ঐকদেশিক অধিকরণ হয়।
যেমন:
- ঘাটে নৌকা বাঁধা আছে (ঘাটের কাছে)
উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০১৯ সংস্করণ)।

১৬) 'আমি কি ডরাই সখী ভিখারি রাঘবে?' 'রাঘবে' কোন কারকে কোন বিভক্তি?
ক) কর্তায় ৭মী খ) কর্মে ৭মী
গ) করণে ৭মী ঘ) অপাদানে ৭মী
সঠিক উত্তরঃ ঘ) অপাদানে ৭মী
প্রশ্নের অংশটি (রাঘবে) অপাদানে সপ্তমী বিভক্তি।
রাঘব অর্থ পরের বা সরকারি সম্পদাদি অন্যায়ভাবে ভোগকারী প্রভাবশালী লোক, মস্ত বড় ধনী ব্যক্তি।
যেহেতু প্রশ্নোক্ত বাক্যে রাঘবকে দেখে ভীত হওয়ার কথা বলা হয়েছে, তাই তা অপাদান কারক।
আর 'রাঘবে' শব্দের সাথে 'এ' বিভক্তি যুক্ত আছে, তাই এটি অপাদানে সপ্তমী বিভক্তি।
যা থেকে কিছু বিচ্যুত, জাত, বিরত, আরম্ভ, উৎপন্ন, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে।
যেমন:
- বাবাকে বড্ড ভয় পাই।
- ট্রেন স্টেশন ছেড়েছে।
- গাছ হতে ফলটি পড়ল।
উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০১৯ সংস্করণ)।

১৭) কৃদন্ত পদের সাথে উপপদের যে সমাস হয় তাকে কী বলে?
ক) উপপদ তৎপুরুষ খ) উপমান কর্মধারয়
গ) উপমিত কর্মধারয় ঘ) নিত্য সমাস
সঠিক উত্তরঃ ক) উপপদ তৎপুরুষ
উপপদ তৎপুরুষ সমাস:
- কৃৎ প্রত্যয় সাধিত পদকে বলা হয় কৃদন্ত পদ।
- কৃদন্ত পদের পূর্বের পদকে বলা হয় উপপদ।
- উপপদের সাথে কৃদন্ত পদের যে সমাস হয়, তাকে উপপদ তৎপুরুষ সমাস বলা হয়।
যেমন-
- পঙ্কে জন্মে যে = পঙ্কজ,
- যাদু করে যে = যাদুকর,
- ইন্দ্রকে জয় করেছে যে = ইন্দ্রজিৎ ইত্যাদি।
উৎস: মাধ্যমিক বাংলা ২য় পত্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

১৮) অন্তরীপ সমস্তপদটি কোন বহুব্রীহি সমাসের অন্তর্গত?
ক) প্রত্যয়ান্ত বহুব্রীহি খ) সংখ্যাবাচক বহুব্রীহি
গ) নিপাতনে সিদ্ধ বহুব্রীহি ঘ) ব্যধিকরণ বহুব্রীহি
সঠিক উত্তরঃ গ) নিপাতনে সিদ্ধ বহুব্রীহি
'অন্তরীপ' এর সমস্তপদ = অন্তর্গত অপ(জল) যার নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাসের অন্তর্গত।
নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাস:
যে বহুব্রীহি সমাস কোনো নিয়মের সাহায্যে ব্যাখ্যা করা যায় না, তাকে বলা হয় নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাস।
যেমন-
- দুই দিকে অপ যার = দ্বীপ,
- অন্তর্গত অপ(জল) যার = অন্তরীপ,
- নরাকারের পশু যে = নরপশু,
- জীবিত থেকেও যে মৃত = জীবন্ত,
- পণ্ডিত হয়েও যে মূর্খ = পণ্ডিতমূর্খ ইত্যাদি।
উৎস: মাধ্যমিক বাংলা ২য় পত্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

১৯) প্রত্যয়ের কোন নিয়মটি সঠিক?

ক) নীল + মা খ) নীল + ইমন

গ) নী + ইলিমা ঘ) নিলী + ইমা

সঠিক উত্তরঃ খ) নীল + ইমন

প্রত্যয়ের ক্ষেত্রে, শব্দের শেষে ইমা থাকলে ইমন হবে।

প্রদত্ত শব্দ - প্রকৃতি ও প্রত্যয়

মহিমা = মহৎ + ইমন

নীলিমা = নীল + ইমন

লঘিমা = লঘু + ইমন

রক্তিমা = রক্ত + ইমন

দ্রাঘিমা = দীর্ঘ + ইমন

গরিমা = গুরু + ইমন

উৎস: ভাষা শিক্ষা, ড. হায়াৎ মামুদ; নবম—দশম শ্রেণির ব্যাকরণ; উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ব্যাকরণ।

২০) প্রাতিপাদিক কী?

ক) সাধিত শব্দ খ) বিভক্তিযুক্ত শব্দ

গ) বিভক্তহীন নাম শব্দ ঘ) প্রত্যয়যুক্ত শব্দ

সঠিক উত্তরঃ গ) বিভক্তহীন নাম শব্দ

প্রাতিপদিক :

- 'লাজ', 'বড়', 'ঘর'- এ শব্দগুলোর সঙ্গে কোন বিভক্তি যুক্ত হয় নি।
- বিভক্তিহীন নাম শব্দকে প্রাতিপদিক বলা হয়।
- প্রাতিপদিক তদ্ধিত প্রত্যয়ের প্রকৃতি বলে প্রাতিপদিককে নাম-প্রকৃতিও বলা হয়।
- ধাতু যেমন কৃৎ-প্রত্যয়ের প্রকৃতি, তেমনি প্রাতিপদিকও তদ্ধিত প্রত্যয়ের প্রকৃতি প্রত্যয় যুক্ত হলে ধাতুকে বলা হয় ক্রিয়া- প্রকৃতি এবং প্রাতিপদিককে বলা হয় নাম-প্রকৃতি।

উৎস: ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ।

২১) 'অম্বর' শব্দের সমার্থক শব্দ কোনটি?

ক) চন্দ্র খ) সূর্য

গ) নভ ঘ) মেঘ

সঠিক উত্তরঃ গ) নভ

'অম্বর' শব্দের অর্থ আকাশ।

'আকাশ' শব্দটির সমার্থক শব্দ হলো ব্যোম, নভঃ, অম্বর, গগন ইত্যাদি।

উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা-ড. সৌমিত্র শেখর।

২২) 'প্রসারণ'-এর বিপরীতার্থক শব্দ কোনটি?

ক) অপ্রসারণ খ) অপসরণ

গ) আকিঞ্চন ঘ) আকুঞ্চন

সঠিক উত্তরঃ ঘ) আকুঞ্চন

'আকুঞ্চন' এর বিপরীত শব্দার্থ - প্রসারণ।

উৎস: ভাষা শিক্ষা, হায়াৎ মামুদ।

২৩) ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি এক কথায় কী হবে?

ক) ইতিহাসসচেতন খ) ঐতিহাসিক

গ) ইতিহাসবেত্তা ঘ) চিন্তাবিদ

সঠিক উত্তরঃ গ) ইতিহাসবেত্তা

সঠিক এক কথায় প্রকাশ-

ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি = ইতিহাসবেত্তা।

ইতিহাস রচনা করেন যিনি = ঐতিহাসিক।

উৎস: ভাষা শিক্ষা, হায়াৎ মামুদ।

২৪) 'নী' প্রত্যয়যোগে লিঙ্গান্তর হয়েছে কোন শব্দটি?

ক) অরণ্যানী খ) চাকরানী

গ) ভাগনী

ঘ) মেধাবিনী

সঠিক উত্তরঃ ঘ) মেধাবিনী

'নী' প্রত্যয়যোগে লিঙ্গান্তর হয়েছে = মেধাবি+নী
'আনী' প্রত্যয়যোগে লিঙ্গান্তরিত শব্দ = অরণ্যানী = অরণ্য+আনী
'আনী' প্রত্যয়যোগে লিঙ্গান্তরিত শব্দ = চাকরানী = চাকর+আনী
'ঈ' প্রত্যয়যোগে লিঙ্গান্তরিত শব্দ = ভাগনী = ভাগনা-ঈ
উৎস: মাধ্যমিক বাংলা ২য় পত্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

২৫) 'শুক' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?

ক) সারী খ) শারী

গ) শুকী ঘ) সারা

সঠিক উত্তরঃ খ) শারী

'শুক' শব্দের স্ত্রীবাচক শব্দ = 'শারি'

উত্তরপত্রের বানান ভুল ছিলো।

'শারী' এর পরিবর্তে 'শারি' হবে।

উৎস: মাধ্যমিক বাংলা ২য় পত্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও বাংলা একাডেমি অভিধান।

২৬) তিনি সৎ লোক ছিলেন, তাই না?

ক) He was truthful, was he?

খ) He was an honest man, wasn't he?

গ) He was an honest man, did not he?

ঘ) He was really an honest man?

সঠিক উত্তরঃ খ) He was an honest man, wasn't he?

'তিনি সৎ লোক ছিলেন' এর ইংরেজি অনুবাদ - He was an honest man.

এর সাথে tag question হিসেবে 'wasn't he?' যুক্ত হবে।

সাধারণত Tag question ব্যবহৃত হয় পূর্বে উল্লেখিত কোন উক্তি সত্য না মিথ্যা তা নিশ্চিত হওয়ার জন্য।

Statement positive হলে tag question টা negative হয়। আর statement negative হলে tag question positive হয়।

আর এখানে বাক্যে যেহেতু auxiliary verb হিসেবে was রয়েছে তাই tag হিসেবে wasn't আসবে, didn't হবে না।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

২৭) আমি এইমাত্র তোমার চিঠি পেয়েছি ।
ক) I received your letter just now.
খ) I have just received your letter.
গ) I just have received your letter.
ঘ) Just I have received your letter.
সঠিক উত্তরঃ খ) I have just received your letter.
Already, yet, just, just now ইত্যাদি থাকলে present perfect tense হয়।
Just = 'এইমাত্র' হলে -
Structure: Sub + have/has + just + V3
আর, একই অর্থে Just now বাক্যের শুরুতে বা শেষে বসে।
আমি এইমাত্র তোমার চিঠি পেয়েছি।' এর যথার্থ বাংলা অনুবাদ = I have just received your letter.
আর বাক্যের চাহিদা অনুযায়ী “just = কেবল, just = ন্যায়পরায়ণ“ হতে পারে।
২৮) গাছে এখনো ফল ধরেনি।
ক) The tree has not yet born fruit.
খ) There is no fruit in the tree.
গ) Still the tree is without fruit.
ঘ) The tree has not born fruit yet.
সঠিক উত্তরঃ ক) The tree has not yet born fruit.
বাক্যে Already, yet, just, just now ইত্যাদি থাকলে present perfect tense হয়।
Yet যদি 'এখনও' অর্থে ব্যবহৃত হয় তাহলে Present Perfect Tense এ Auxiliary verb এবং Principal verb এর মাঝখানে বসে।
যেমন:
- He has not yet come.
- The tree has not yet born fruit.
আর Yet যদি 'তবুও/তথাপি' অর্থে ব্যবহৃত হয় তাহলে সাধারণত বাক্যের শুরুতে অথবা শেষে বসে।
যেমন:
- He did not behave with me well. Yet, I respect him.
২৯) গুজবে কান দেওয়া উচিত নয়।
ক) One should not concentrate on rumour.
খ) We should not hear rumour.
গ) One should not give ear to rumour.
ঘ) We should not give our ear on rumour.
সঠিক উত্তরঃ গ) One should not give ear to rumour.
Give ear/ Lend ear
English Meaning: Meaning: to give attention, esp. favorable attention; listen; heed.
Bangla Meaning: শ্রবণ করা।
'গুজবে কান দেওয়া উচিত নয়।' এর যথার্থ অনুবাদ = One should not give ear to rumour.
Source: Collins Dictionary and Accessible Dictionary
৩০) সে হাঁপাতে হাঁপাতে এখানে আসল।
ক) He has come here exhausted.
খ) He had come here running.
গ) He came here hurriedly .
ঘ) He came here panting.
সঠিক উত্তরঃ ঘ) He came here panting.
Pant - হাঁপানো
'সে হাঁপাতে হাঁপাতে এখানে আসল।' - এর যথার্থ অনুবাদ = He came here panting.
৩১) কিছু করার আগে ভালো করে ভেবে নাও।
ক) Think before you do anything.
খ) Look before you leap.
গ) Look before you do.
ঘ) Think before you leap.
সঠিক উত্তরঃ খ) Look before you leap.
'কিছু করার আগে ভালো করে ভেবে নাও।' এর যর্থার্থ অনুবাদ = Look before you leap.
এটি একটি প্রবাদ বাক্য।
৩২) The noun form of 'broad' is-
ক) broadly খ) breath
গ) broaden ঘ) breadth
সঠিক উত্তরঃ ঘ) breadth
Broad (adjective) - চওড়া; প্রশস্ত।
Broadly (adverb) - বিস্তৃতভাবে।
Breath (noun) - শ্বাসপ্রশ্বাস।
broaden (verb) - বিস্তৃত করা বা হওয়া
Breadth (noun) - প্রস্থ; পসার; চওড়াই; পরিসর; প্রশস্ততা।
অর্থাৎ, broad এর noun form হচ্ছে - Breadth.
Source: Accessible Dictionary by Bangala Academy
৩৩) The verb form of 'little' is
ক) belittle খ) enlittle
গ) littlen ঘ) littlise
সঠিক উত্তরঃ ক) belittle

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

Little (adjective) - তুলনামূলকভাবে ছোট।
Belittle (verb transitive)
- খর্ব করা; মূল্যমান কমানো; মর্যাদাহানি করা
Source: Accessible Dictionary by Bangla Academy

৩৪) What part of speech is the word 'manly'?
ক) Noun খ) Verb
গ) Adjective ঘ) Adverb
সঠিক উত্তরঃ গ) Adjective
Manly (adjective)
- মনুষ্যোচিত; পুরুষোচিত, মর্যাদাপূর্ণ; পুরষসংক্রান্ত; পুরুষালি।
Source: Accessible Dictionary by Bangla Academy

৩৫) The noun form of 'Approve' is-
ক) Approveness খ) Approof
গ) Approval ঘ) Aproval
সঠিক উত্তরঃ গ) Approval
Approve (verb) - সমর্থন করা।
Approval (noun) - অনুমোদন; সমর্থন।
Option এর অন্য word গুলো সঠিক নয়।
Source: Accessible Dictionary by Bangla Academy

৩৬) Lima along with her friends _____ to school everyday.
ক) go খ) goes
গ) is going ঘ) are going
সঠিক উত্তরঃ খ) goes
As well as, in addition to, including, with, along with, together with দ্বারা একাধিক noun/pronoun যুক্ত থাকলে প্রথম noun/pronoun অনুযায়ী verb হয়।
এখানে প্রথম noun বা along with এর আগের noun হচ্ছে Lima যা third person singular তাই এর পরে verb এর সাথে es যুক্ত হবে। আর বাক্যে Everyday থাকায় এটি present indifinite tense এ হবে।

৩৭) The antonym of 'Candid' is -
ক) Frank খ) Straight forward
গ) Reserved ঘ) Truthful
সঠিক উত্তরঃ গ) Reserved
Candid - অকপট; মনখোলা; সরল।
Frank - অকপট; মনখোলা; নিষ্কপট; অমায়িক; নির্ব্যাজ; উদার।
Straight forward - সহজবোধ্য; সহজসাধ্য।
Reserved - গুরুগম্ভীর; চাপা স্বভাবের।
Truthful - সত্যনিষ্ঠ; সত্যপরায়ণ; সত্যবাদী; সত্যসন্ধ।
অর্থাৎ, Candid এর antonym হচ্ছে Reserved.

৩৮) Mr. Ruhin ____ a crime.
ক) did খ) does
গ) comits ঘ) committed
সঠিক উত্তরঃ ঘ) committed
Commit (verb transitive)
(সম্পাদন) করা: commit a crime/offence.
অপরাধ করা বুঝাতে commit a crime ব্যবহার করা হয়।
এখানে past tense এ থাকার কারণে committed a crime হয়েছে।
Source: Accessible Dictionary by Bangla Academy

৩৯) Your watch has run -
ক) down খ) short
গ) good ঘ) up
সঠিক উত্তরঃ ক) down
Run Down
English Meaning: to lose energy, power, or strength.
Bangla Meaning:
(ঘড়ি ইত্যাদি) দম ফুরিয়ে বন্ধ হয়ে যাওয়া।
(ব্যক্তি ও তার স্বাস্থ্য সম্বন্ধে) অত্যধিক পরিশ্রম; মানসিক চাপ ইত্যাদি কারণে অবসন্ন বা দুর্বল।
সম্পূর্ণ বাক্যের অর্থ - আপনার ঘড়ি বন্ধ হয়ে গেছে।
Source: Cambridge Dictionary & Accessible Dictionary

৪০) What is the verb form of the word 'beauty'?
ক) beautiful খ) beautifully
গ) beautifying ঘ) beautify
সঠিক উত্তরঃ ঘ) beautify
Beauty (noun) - (যেসব গুণের সমন্বয়ে ইন্দ্রিয় (বিশেষত চোখ, কান) বা নৈতিকতা বা বুদ্ধিবৃত্তির কাছে আনন্দময় বলে প্রতিভাত হয়; সৌন্দর্য; শ্রী; রূপ; লাবণ্য; ছটা।
Beautiful (adjective) - সুন্দর, চমৎকার; মন ও ইন্দ্রিয়কে আনন্দ দেয় এমন।
Beautifully (adverb)
Beautify (verb transitive) - সুন্দর করা।
Source: Accessible Dictionary by Bangla Academy

৪১) The word 'docile' refers to -
ক) wild খ) angry
গ) disheartened ঘ) tame
সঠিক উত্তরঃ ঘ) tame
Docile - সহজে বশ মানে এমন; বাধ্য; সহজে শেখানো যায় এমন।
Wild - বন্য; বুনো।
Angry - ক্রুদ্ধ; রুষ্ট।
Dishearten - হতাশ করা; নিরুৎসাহিত করা
Tame - পোষা; পোষ-মানা।
অর্থাৎ, The word Docile refers to Tame.
Source: Accessible Dictionary by Bangla Academy

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

৪২) The synonym of 'decrease' is-

ক) abate খ) destroy

গ) expand ঘ) amplify

সঠিক উত্তরঃ ক) abate

Decrease - কমা; হ্রাস করা বা পাওয়া।

Abate - কম বা কমানো; প্রশমিত হওয়া বা করা; প্রকোপ হ্রাস করা বা পাওয়া।

Destroy - ধ্বংস/নষ্ট/বিধ্বস্ত/বরবাদ/পয়মাল করা।

Expand - প্রসারিত করা বা হওয়া।

Amplify - শক্তি বৃদ্ধি করা।

Source: Accessible Dictionary by Bangla Academy

৪৩) 'At a loss' means-

ক) puzzled খ) destroyed

গ) defeat ঘ) harm

সঠিক উত্তরঃ ক) puzzled

At a loss
English Meaning: puzzled.
Bangla Meaning: হতবুদ্ধি / কিংকর্তব্যবিমূঢ়
Ex. Sentence: He was at a loss and did not know what to do.
Bangla Meaning: সে হতবুদ্ধি হয়ে গেছিলো এবং কি করা উচিত বুঝতে পারছিলো না।
Source: Live MCQ Lecture

88) Now-a-days educative programmes are ___ on different TV channels.

ক) seen খ) telecasting

গ) telecast ঘ) telecasted

সঠিক উত্তরঃ গ) telecast

টেলিভিশনে অনুষ্ঠান সম্প্রচারকে telecast বলে এবং radio তে অনুষ্ঠানের সম্প্রচারকে বলে broadcast.

এখানে, educative programmes যেহেতু সম্প্রচার করা হয়, নিজে নিজে সম্প্রচার হয় না তাই এটি passive form এ বসাতে হবে।

Telecast শব্দের present, past এবং past participle form একই হয়।

তাই শূন্যস্থানে telecast এর 'past participle' form হিসেবে 'telecast' বসবে।

৪৫) Friendship is nothing but a name. (Interrogative)

ক) What is friendship but a name?

খ) Is friendship anything but a name?

গ) What is nothing but a name?

ঘ) Why is friendship a nanme?

সঠিক উত্তরঃ খ) Is friendship anything but a name?

এই ধরনের negative sentence কে interrogative করার ক্ষত্রে সাধারণত -

1. শুরুতে auxiliary verb বসে,

2. তার পর sub এর পর নাবোধক শব্দটিকে হ্যাঁ বোধক এ রুপান্তর করতে হয় (যেমন: nothing থাকলে anything হয়)

3. তারপর but + ext বসে এবং

4. সব শেষে '?' বসে।

সে অনুসারে সঠিক উত্তর - Is friendship anything but a name?

৪৬) It is beyond doubt that he is a brave man. (Simple)

ক) It is doubtless that he is a brave man.

খ) There is no doubt that he is a brave man.

গ) Undoubtedly he is a brave man.

ঘ) He is a brave man and there is no doubt about it.

সঠিক উত্তরঃ গ) Undoubtedly he is a brave man.

যে sentence-এ একটিমাত্র Subject ও একটিমাত্র Finite Verb থাকে তাকে Simple Sentence বলে।

প্রদত্ত চারটি অপশনের মধ্যে শুধুমাত্র 'Undoubtedly he is a brave man.' বাক্যটি simple Sentence-এর শর্ত পূরণ করছে।

৪৭) We should love our country. (Imperative)

ক) Love our country.

খ) Let us love our country.

গ) We may not hate our country.

ঘ) Should love our country.

সঠিক উত্তরঃ খ) Let us love our country.

Should যুক্ত sentence কে imperative sentence করার structure:

Let us + should এর পরবর্তী অংশ।

সে অনুসারে, সঠিক উত্তর: Let us love our country.

৪৮) Water-logging is one of the worst problems in our country. (Positive)

ক) No other problem in our country is as bad as water-logging.

খ) Very few problems in our country are as bad as water-logging.

গ) Water-logging is a very worse problem in our country.

ঘ) Water logging is worse than any other problem in our country.

সঠিক উত্তরঃ খ) Very few problems in our country are as bad as water-logging.

One of the থাকলে Positive করার গঠন হচ্ছে -

Very few+ Plural Noun following the positive degree + Plural Verb + as/so + Positive Degree + as + Subject of Positive Degree.

সে অনুসারে সঠিক উত্তর - খ) Very few problems in our country are as bad as water-logging.

৪৯) As soon as the teacher enters the classroom, the students stand up. (Negative)

ক) No sooner does the teacher enter the classroom than the students stand up.

খ) No sooner the teacher enters the classroom than the students stand up.

গ) No sooner had the teacher entered the classroom than the students stood up.

ঘ) The students stood up as the teacher entered the classroom.

সঠিক উত্তরঃ ক) No sooner does the teacher enter the classroom than the students stand up.

Negative Sentence Formula:

No sooner + (does/do/did) + Subject + 1st Action + Than + Subject + 2nd Action.

Example:

- No sooner does the teacher enter the classroom than the students stand up.
- No sooner does he see other children than he becomes playful.
- No sooner do I see other children than I become playful.
- No sooner did he see other children than he became playful.

Note: Do/Does/Did are followed by the first form of the verb. The word 'had' can also be used in the place of 'did' at time.

Example - No sooner had they started walk than it started to rain.

Source: British English Grammar, Oxford Dictionary & Cambridge Dictionary.

৫০) What cannot be cured must be endured. (Active)

ক) We must be endured what we can not cure.

খ) We cannot cure what we must endure.

গ) Must be endure can cure.

ঘ) We must endure what we cannot cure.

সঠিক উত্তরঃ ঘ) We must endure what we cannot cure.

Complex Sentence-এর voice পরিবর্তনে principal ও subordinate উভয় প্রকার clause-এরই পরিবর্তন করতে হয়।

তাই এখানে What cannot be cured এবং must be endured দুই অংশকেই active voice এ transform করতে হবে।

• What cannot be cured এর active form হচ্ছে - what we cannot cure.

• Must be endured এর active form হচ্ছে - We must endure.

[Passive voice এ subject না থাকায় active করার সময় প্রয়োজন অনুসারে subject হিসেবে we আনা হয়েছে।]

তাই সঠিক Passive form হচ্ছে -

We must endure what we cannot cure.

(আমরা যা নিরাময় করতে পারি না তা সহ্য করতে হবে।)

৫১) ৫ : ৭ এবং ৩ : ১৩ অনুপাতগুলোর ধারাবাহিক অনুপাত কত?

ক) ১৫ : ২১ : ৯১ খ) ২১ : ১৫ : ৯১

গ) ২১ : ১৫ : ৬৫ ঘ) ১৫ : ২১ : ৩৯

সঠিক উত্তরঃ ক) ১৫ : ২১ : ৯১

৫ : ৭ = ১৫ : ২১ (৩ দ্বারা গুণ করে)

৩ : ১৩ = ২১ : ৯১ (৭ দ্বারা গুণ করে)

ধারাবাহিক অনুপাত = ১৫ : ২১ : ৯১

৫২) ১৮ নিচের কোন সংখ্যার ৮% এর সমান?

ক) ৪৪.৪৪ খ) ১.৪৪

গ) ১৮০ ঘ) ২২৫

সঠিক উত্তরঃ ঘ) ২২৫

ধরি,

x এর ৮% = ১৮

বা, x = (১৮ × ১০০)/৮

∴ x = ২২৫

৫৩) x - 1/x = √2 হলে, x3 - 1/x3 এর মান কত?

ক) 0 খ) 2

গ) 5√2 ঘ) 6√2

সঠিক উত্তরঃ গ) 5√2

দেয়া আছে

x - 1/x = √2

x3 - 1/x3 =(x - 1/x)3 + 3x(1/x)(x - 1/x)
= (√2)3 + 3√2
=2√2 + 3√2
= 5√2

৫৪) 4x = 2 হলে, x এর মান কত?

ক) 2 খ) 1/2

গ) 1/8 ঘ) 1/16

সঠিক উত্তরঃ খ) 1/2

দেয়া আছে,

4x = 2

(22)x = 2

22x = 21

2x = 1

x = 1/2

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

৫৫) 25√5 এর 5 ভিত্তিক লগ কত?

ক) 5/2 খ) 1/2

গ) 125/2 ঘ) 25/√5

সঠিক উত্তরঃ ক) 5/2

25√5 এর 5 ভিত্তিক লগ

= log525√5

= log5(52.51/2)

= log555/2

= 5/2 log55

= (5/2) × 1

= 5/2

৫৬) ৭৫ টাকায় ১৫টি কলম কিনে ৯০ টাকায় বিক্রয় করলে শতকরা লাভ কত?

ক) ১০% খ) ১৫%

গ) ২০% ঘ) ২৫%

সঠিক উত্তরঃ গ) ২০%

আমরা জানি,

লাভ = বিক্রয়মূল্য - ক্রয়মূল্য

লাভ = ৯০ - ৭৫ = ১৫ টাকা

৭৫ টাকায় লাভ হয় ১৫ টাকা

∴ ১০০ টাকায় লাভ হয় (১৫ × ১০০)/৭৫ = ২০ টাকা

∴ লাভ ২০%

৫৭) 16x2 - 25y2 এবং 12ax - 15ay এর গ.সা.গু কত?

ক) 6ax - 10ay খ) 4x + 5y

গ) 4ax - 5ay ঘ) 4x - 5y

সঠিক উত্তরঃ ঘ) 4x - 5y

১ম রাশি = 16x2 - 25y2

= (4x)2 - (5y)2

= (4x + 5y)(4x - 5y

২য় রাশি = 12ax - 15ay

= 3a(4x - 5y)

নির্ণেয় গ.সা.গু = 4x - 5y

৫৮) ৫০০ টাকায় বিক্রয় করায় ২৫% লাভ হলো, ক্রয়মূল্য কত?

ক) ৬২৫ টাকা খ) ৫২৫ টাকা

গ) ৪০০ টাকা ঘ) ৩৭৫ টাকা

সঠিক উত্তরঃ গ) ৪০০ টাকা

২৫% লাভে বিক্রয়মূল্য = ১০০ + ২৫ = ১২৫ টাকা

বিক্রয়মূল্য ১২৫ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

বিক্রয়মূল্য ১ টাকা হলে ক্রয়মূল্য ১০০/১২৫ টাকা

বিক্রয়মূল্য ৫০০ টাকা হলে ক্রয়মূল্য (১০০ × ৫০০)/১২৫ টাকা

= ৪০০ টাকা

৫৯) ৬% হারে ৪০০ টাকার মুনাফার কত বছরে ১২০ টাকা?

ক) ৫ বছর খ) ৪ বছর

গ) ৩ বছর ঘ) ২ বছর

সঠিক উত্তরঃ ক) ৫ বছর

আসল = ৪০০ টাকা

মুনাফা = ১২০ টাকা

মুনাফার হার = ৬%

আমরা জানি,

সরল মুনাফার ক্ষেত্রে

সময় = (মুনাফা×১০০)/(আসল×সুদের হার)

= (১২০ × ১০০)/(৪০০ × ৬)

= ৫ বছর

৬০) ৪, ৬, ৮ এর ৪র্থ সমানুপাতি কোনটি?

ক) ১০ খ) ১২

গ) ২৪ ঘ) ৪৮

সঠিক উত্তরঃ খ) ১২

৪র্থ সমানুপাতি = a

এখন

১ম রাশি × ৪র্থ রাশি = ২য় রাশি ×৩য় রাশি

৪a = ৬ × ৮

a = (৬ × ৮)/৪

∴ a = ১২

৬১) ৭০° এর সম্পূরক কোণ কত?

ক) ২০° খ) ৩০°

গ) ৬০° ঘ) ১১০°

সঠিক উত্তরঃ ঘ) ১১০°

দুইটি কোণের সমষ্টি ১৮০°হলে একটি অপরটির সম্পূরক কোণ বলে

∴ ৭০° এর সম্পূরক কোণ = ১৮০° - ৭০°= ১১০°

৬২) বৃত্তের ব্যাস 20 মিটার হলে পরিধি কত?

ক) 20π খ) 10π

গ) 100π ঘ) 400π

সঠিক উত্তরঃ ক) 20π

বৃত্তের ব্যাস 20মি.

ব্যাসার্ধ r = 20/2 সে.মি. বা 10 সে.মি.

বৃত্তের পরিধি =2πr = 2 × π ×10

= 20π সে.মি.

৬৩) সমবাহু ত্রিভুজের একবাহু x মিটার হলে, তার ক্ষেত্রফল কত বর্গমিটার

ক) (3√3/4)x2 খ) (√3/4)x2

গ) (4/√3)x2 ঘ) (√3/4)a2

সঠিক উত্তরঃ খ) (√3/4)x2

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য x মিটার হলে তার ক্ষেত্রফল = (√3/4)x2

৬৪) বর্গক্ষেত্রের একবাহু 4 মিটার হলে, কর্ণ কত মিটার

ক) 4√2 খ) 16


গ) 32 ঘ) 32√2

সঠিক উত্তরঃ ক) 4√2

বর্গক্ষেত্রের একবাহু a = 4 মিটার

বর্গক্ষেত্রের কর্ণ = √2a = 4√2


৬৫) চিত্রে AB = BC = CD = AD হলে ∠x এর মান কত?




ক) 30° খ) 45°

গ) 60° ঘ) 75°

সঠিক উত্তরঃ ক) 30°




চিত্রে AB = BC = CD = AD

∠DBC = 30°

প্রদত্ত তথ্য অনুসারে চিত্রটি একটি রম্বস হবে।

রম্বসের কর্ণ তার কোণগুলোকে সমান দুইভাগে ভাগ করে।

তাই ∠x = ∠DBC = 30°

[প্রশ্নে চিত্র অঙ্কণে কোণগুলোর পরিমাপ ঠিক ছিল না।]

৬৬) 6x2 - 7x - 5 এর উৎপাদক নিচের কোনটি?

ক) (3x - 5)(2x + 1) খ) (3x + 5)(2x - 1)

গ) (2x + 5)(3x - 1) ঘ) (2x - 5)(3x + 1)

সঠিক উত্তরঃ ক) (3x - 5)(2x + 1)

6x2 - 7x - 5

6x2 - 10x + 3x - 5

2x(3x - 5) + 1(3x - 5)

(3x - 5)(2x + 1)

৬৭) a = 31/3 + 3-1/3 হলে 3a3 - 9a + 1 এর মান কত?

ক) 5 খ) 8

গ) 10 ঘ) 11

সঠিক উত্তরঃ ঘ) 11

দেয়া আছে,

a = 31/3 + 3-1/3

a3 = (31/3 + 3-1/3)3

a3 = (31/3)3 +(3-1/3)3 + 3. 31/3.3-1/3(31/3 + 3-1/3)

a3 = 3 + 3- 1 + 3a

a3 = 3 + (1/3) + 3a

a3 = (9 + 1 + 9a)/3

3a3 = 10 + 9a

3a3 - 9a + 1 = 10 + 1

= 11

৬৮) ax = y হলে নিচের কোন সম্পর্কটি সঠিক?

ক) y = logxa খ) x = logay

গ) a = logxy ঘ) x = logya

সঠিক উত্তরঃ খ) x = logay

ax = y

logaax = logay

xlogaa = logay

x = logay

৬৯) logx324 = 4 হলে, x এর মান কত?

ক) 3√2 খ) 2√3

গ) 5√2 ঘ) 2√5

সঠিক উত্তরঃ ক) 3√2

logx324 = 4

⇒ x4 = 324

⇒ x4 = 81×4

⇒ x4= (3×√2)4

∴ x = 3√2

৭০) দুটি সংখ্যার অনুপাত 3 : 2 এবং গ.সা.গু 4 হলে, তাদের ল.সা.গু কত?

ক) 6 খ) 8

গ) 12 ঘ) 24

সঠিক উত্তরঃ ঘ) 24

ধরি,

সংখ্যা দুইটি 3x ও 2x

∴ 3x ও 2x এর গ.সা.গু. = x

3x ও 2x এর ল.সা.গু. = 6x

প্রশ্নমতে,

x = 4

∴ সংখ্যা দুটির ল.সা.গু =6x = 6 × 4 = 24

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

Live MCQ
সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি

৭১) a2 - b2 = 8 এবং ab = 3 হলে a2 + b2 = কত?

ক) ± 10 খ) 10

গ) ± 11 ঘ) 11

সঠিক উত্তরঃ খ) 10

দেয়া আছে,

a2 - b2 = 8 এবং ab = 3

আমরা জানি

(a2 + b2)2 = (a2 - b2)2 + 4a2b2

= 82 + 4.32

= 64 + 36

= 100

a2 + b2 = ± 10

কিন্তু দুইটি বর্গের যোগফল কখনো ঋণাত্মক হতে পারে না বলে -10 গ্রহণযোগ্য নয়।

তাই সঠিক উত্তর খ) 10

৭২) কোনো ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 6, 8,10 সে.মি. হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

ক) 40 বর্গ সে.মি. খ) 30 বর্গ সে.মি.

গ) 24 বর্গ সে.মি. ঘ) 12 বর্গ সে.মি.

সঠিক উত্তরঃ গ) 24 বর্গ সে.মি.

ত্রিভুজের বাহু তিনটির দিয়ে একটি সমকোণী ত্রিভুজ অঙ্কন করা যায়

সমকোণ সংলগ্ন বাহু 6,8

ত্রিভুজটির ক্ষেত্রফল = (1/2)× 6 × 8 = 24 বর্গ সে.মি.

৭৩) অর্ধবৃত্তস্থ কোণ সমান কত?

ক) ৩০° খ) ৪৫°

গ) ৬০° ঘ) ৯০°

সঠিক উত্তরঃ ঘ) ৯০°

আমরা জানি,

অর্ধবৃত্তস্থ কোণ সমান এক সমকোণ অর্থাৎ ৯০ ডিগ্রী অর্থাৎ এক সরলকোণের অর্ধেক।

৭৪) √(x- 1y) .√(y -1 z). √(z - 1.x) এর মান কত?

ক) 0 খ) 1

গ) xyz ঘ) √xyz

সঠিক উত্তরঃ খ) 1

√(x- 1y) .√(y -1 z). √(z - 1.x)

= √(x- 1y. y -1 z .z - 1.x)

= √(1/x .y. 1/y. z .1/z.x)

=√1

= 1

৭৫) বৃত্তের উপচাপে অন্তর্লিখিত কোণ-

ক) স্থূলকোণ খ) সূক্ষ্মকোণ

গ) সমকোণ ঘ) প্রবৃদ্ধ কোণ

সঠিক উত্তরঃ ক) স্থূলকোণ

সমকোণী ত্রিভুজের অতিভুজকে ব্যাস ধরে বৃত্ত অঙ্কন করলে তা সমকৌণিক শীর্ষবিন্দুদিয়ে যাবে।

কোনো বৃত্তের অধিচাপে অন্তলিখিত কোণ সূক্ষ্মকোণ।

কোনো বৃত্তের উপচাপে অন্তলিখিত কোণ স্থূলকোণ।

৭৬) বাংলাদেশের মোট সীমান্ত দৈর্ঘ্য কত?

ক) ৫১৩৮ কি.মি. খ) ৫১২০ কি.মি.

গ) ৪৫০০ কি.মি. ঘ) ৪৩০০ কি.মি.

সঠিক উত্তরঃ ক) ৫১৩৮ কি.মি.

- বাংলাদেশের সাথে ভারত ও মিয়ানমারের সীমান্ত সংযোগ রয়েছে।
- বাংলাদেশের সর্বমোট ৫১৩৮ কিলোমিটার সীমারেখা রয়েছে।
- বাংলাদেশের সর্বমোট স্থলসীমা ৪৪২৭ কিলোমিটার।
- বাংলাদেশের সাথে মিয়ানমারের সীমানা ২৭১ কিলোমিটার (২৮০ কিলোমিটার মাধ্যমিক ভূগোল)।
- বাংলাদেশের উপকূলের দৈর্ঘ্য ৭১১ কিলোমিটার।
- বাংলাদেশ ও ভারতের সীমারেখার দৈর্ঘ্য ৪১৫৬ কিলোমিটার।

উৎসঃ বর্ডার গার্ড বাংলাদেশ এর ওয়েবসাইট।

৭৭) বাংলাদেশের কোন স্থানে সবচেয়ে বেশি বৃষ্টিপাত হয়?

ক) সিলেটের লালাখালে খ) নাটোরের লালপুরে

গ) মৌলভীবাজারের মাধবকুণ্ডে ঘ) রাজশাহীর তানোরে

সঠিক উত্তরঃ ক) সিলেটের লালাখালে

- বাংলাদেশে বর্ষাকালে বৃষ্টিপাত হয় ৮০%।
- জুন থেকে অক্টোবর মাসে সাধারণত বৃষ্টিপাত হয় ৭০ থেকে ৮০%
- সবচেয়ে বেশি বৃষ্টিপাত হয় সিলেটের লালাখালে।
- সবচেয়ে কম বৃষ্টিপাত হয় নাটোরের লালপুরে।
- বাংলাদেশের গড় বৃষ্টিপাত ২০৩ সেন্টিমিটার বা ২০৩০ মিলিমিটার।

উৎস: ভূগোল ও পরিবেশ, নবম-দশম শ্রেণি।

৭৮) 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থটি কার রচনা?

ক) তাজউদ্দিন আহমদ খ) শেরেবাংলা এ.কে. ফজলুল হক

গ) ক্যাপ্টেন মনসুর আলী ঘ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

সঠিক উত্তরঃ ঘ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

'অসমাপ্ত আত্মজীবনী' হলো শেখ মুজিবুর রহমানে রচিত একটি আত্মজীবনী সংকলন।

- ২০১২ সালের জুনে এ বইটি প্রকাশিত হয়।
- ২০০৪ সালে শেখ মুজিবুর রহমানের লেখা চারটি খাতা আকস্মিকভাবে তাঁর কন্যা বর্তমান বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার হস্তগত হয়।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

- খাতাগুলি অতি পুরানো, পাতাগুলি জীর্ণয় এবং লেখা প্রায়শ অস্পষ্ট।
- মূল্যবান সেই খাতাগুলি পাঠ করে জানা গেল এটি বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, যা তিনি ১৯৬৭ সালের মাঝামাঝি সময়ে ঢাকা সেন্ট্রাল জেলে অন্তরীণ অবস্থায় লেখা শুরু করেছিলেন, কিন্তু শেষ করতে পারেননি।
- এই লেখাগুলোকে বঙ্গবন্ধু হারিয়ে যাওয়া পূর্বোক্ত আত্মজীবনী হিসেবে সুনিশ্চিত করা হয়।
- পরে এগুলো বাংলা একাডেমির সাবেক মহাপরিচালক শামসুজ্জামান খানের সম্পাদনায় গ্রন্থাকারে অসমাপ্ত আত্মজীবনী নামে ২০১২ সালের জুনে প্রকাশ করা হয়।
- 'দি ইউনিভার্সিটি প্রেস লিমিটেড'-এর পক্ষে এ গ্রন্থটি প্রকাশ করেন মহিউদ্দিন আহমেদ।
উৎস: অসমাপ্ত আত্মজীবনী, শেখ মুজিবুর রহমান।

৭৯) বাংলাদেশের শিক্ষার স্তর কয়টি?
ক) ৪টি খ) ৫টি
গ) ৬টি ঘ) ৭টি
সঠিক উত্তরঃ বাতিল করা হয়েছে।
- বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা তিন স্তরবিশিষ্ট- প্রাথমিক স্তর, মাধ্যমিক স্তর এবং উচ্চশিক্ষা বা বিশ্ববিদ্যালয় স্তর।
- সরকারি-বেসরকারি বিদ্যালয়গুলো পরিচালিত হয় ৫ বছর মেয়াদী প্রাথমিক,
- ৭ বছর মেয়াদী মাধ্যমিক - এর মধ্যে ৩বছর মেয়াদী জুনিয়র, ২ বছর মেয়াদী মাধ্যমিক এবং ২ বছর মেয়াদী উচ্চ মাধ্যমিক পর্যায়।
- বেসরকারি বিদ্যালয়গুলো নিজস্ব অর্থায়নে পরিচালিত হয়।
- বাংলাদেশে তৃতীয় পর্যায়ে অর্থাৎ বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষা ৩-৫ বছর মেয়াদি।
- সরকারি পৃষ্ঠপোষকতায় পরিচালিত ৩৬টি পাবলিক ও ৭৯টি বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন -এর তত্ত্বাবধানে অধিভুক্ত কলেজের মাধ্যমে এ শিক্ষা দেয়া হয়।
- শিক্ষার্থীরা শিক্ষার মাধ্যম হিসেবে বাংলা বা ইংরেজির মধ্যে যেকোনোটিকে বেছে নিতে পারে।
উৎস: বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়ন

৮০) বিশ্বের কততম দেশ হিসেবে বাংলাদেশ সাবমেরিনের যুগে পদার্পণ করে?
ক) ৪০তম খ) ৪১তম
গ) ৪২তম ঘ) ৪৩তম
সঠিক উত্তরঃ খ) ৪১তম
- বাংলাদেশ ২০১৬ সালে চীনের কাছ থেকে দুটি সাবমেরিন ক্রয় করে।
- এর ফলে বিশ্বের ৪১তম দেশ হিসেবে সাবমেরিন ক্ষমতার মালিক এখন বাংলাদেশ।
- ১৪ নভেম্বর ২০১৬ চীনের দালিয়ান প্রদেশের লিয়াওয়ান শিপইয়ার্ডে সাবমেরিন দুটি বাংলাদেশের কাছে হস্তান্তর করা হয়। সাবমেরিন দুটির নামকরণ করা হয় 'নবযাত্রা' এবং 'জয়যাত্রা'।
- আইএসপিআর এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, টাইপ ০৩৫ ডুবোজাহাজ (ন্যাটো প্রদত্ত নাম: মিং ক্লাস) এই কনভেনশনাল সাবমেরিন দুইটি ডিজেল ইলেকট্রিক সাবমেরিন, যার প্রতিটি দৈর্ঘ্যে ৭৬ মিটার এবং প্রস্থে ৭.৬ মিটার।
- আইএসপিআর থেকে আরো জানানো হয়, 'নবযাত্রা' এবং 'জয়যাত্রা' নামের দুটি সাবমেরিন টর্পেডো এবং মাইন দ্বারা সুসজ্জিত, যা শত্রুপক্ষের যুদ্ধজাহাজ ও সাবমেরিনকে আক্রমণ করতে সক্ষম।
উৎস: ডেইলি স্টার ও বিবিসি বাংলা রিপোর্ট, আরটিভি।

৮১) সূর্য কিরণ থেকে কোন ভিটামিন পাওয়া যায়?
ক) ভিটামিন 'এ' খ) ভিটামিন 'বি'
গ) ভিটামিন 'ই' ঘ) ভিটামিন 'ডি'
সঠিক উত্তরঃ ঘ) ভিটামিন 'ডি'
সূর্য কিরণ থেকে ভিটামিন ডি পাওয়া যায়।
- ভিটামিন ডি এর উৎস- ডিমের কুসুম, দই, ওটমিল, মাশরুম, দুধ, মাছের তেল ইত্যাদি।
- ভিটামিন ডি হাড়ের বিকাশ, কঙ্কালের স্বাস্থ্য, সুস্থ পেশী এবং প্রতিরোধ ক্ষমতা নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় পুষ্টি উপাদান।
- ভিটামিন ডি এর সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজগুলির মধ্যে একটি হ'ল ক্যালসিয়াম এবং ফসফেটের পরিমাণ নিয়ন্ত্রণ করে যা শরীরের দ্বারা শোষিত হয়, যা শিশুদের স্বাভাবিক বৃদ্ধি এবং বিকাশে অবদান রাখে।
- আমাদের বয়সের সাথে সাথে আমাদের হাড়, দাঁত এবং পেশীগুলির স্বাস্থ্য বজায় রাখে।
- ভিটামিন ডি ইমিউন সিস্টেমের স্বাভাবিক ক্রিয়াকেও সমর্থন করে যা সংক্রমণ এবং রোগের বিরুদ্ধে দেহের প্রতিরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
সূত্র- হার্ভার্ড ইউনিভার্সিটি [লিঙ্ক]

৮২) জাতীয় শিক্ষক দিবস হলো-
ক) ১৯ জানুয়ারি খ) ২০ জানুয়ারি
গ) ২১ জানুয়ারি ঘ) ২২ জানুয়ারি
সঠিক উত্তরঃ ক) ১৯ জানুয়ারি
- ১৯ জানুয়ারি জাতীয় শিক্ষক দিবস হিসেবে পালিত হয়।
- ১৭ সেপ্টেম্বর মহান শিক্ষা দিবস হিসেবে পালিত হয়।- ১৯৬২ সালের এই দিনে তৎকালীন পাকিস্তান সরকারের করা শিক্ষানীতির প্রতিবাদে আন্দোলন করতে গিয়ে মারা যান কয়েকজন ছাত্র।
- এরপর থেকে এই দিনটিকে শিক্ষা দিবস হিসেবে পালন করে আসছে বিভিন্ন শিক্ষক ও ছাত্র সংগঠন।
উৎস: পত্রিকা রিপোর্ট

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

৮৩) বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় প্রথম কোন জেলা শত্রুমুক্ত হয়?
ক) মাগুরা খ) মেহেরপুর
গ) যশোর ঘ) ময়মনসিংহ
সঠিক উত্তরঃ গ) যশোর
- বাংলাদেশের মুক্তিযুদ্ধে প্রথম শত্রুমুক্ত জেলা যশোর।
- ৬ ডিসেম্বর ১৯৭১ সালে যশোর জেলা প্রথম শত্রুমুক্ত হয়।
- বাংলাদেশের প্রথম ডিজিটাল জেলাও যশোর।
- ৭ ডিসেম্বর মাগুরা জেলা শত্রুমুক্ত হয়।
উৎসঃ যশোর জেলার ওয়েবসাইট।

৮৪) বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম উপজাতি গোষ্ঠী কোনটি?
ক) সাঁওতাল খ) চাকমা
গ) মারমা ঘ) রাখাইন
সঠিক উত্তরঃ গ) মারমা
ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর প্রাথমিক প্রতিবেদন অনুসারে,
- ৫০টি জাতিসত্তার মধ্যে পার্বত্য চট্টগ্রামের জাতিগোষ্ঠী চাকমাদের সংখ্যা সবচেয়ে বেশি, ৪ লাখ ৮৩ হাজার ২৯৯।
- সংখ্যার দিক দিয়ে দ্বিতীয় এবং তৃতীয় অবস্থানে আছে পার্বত্য চট্টগ্রামেরই দুই জাতিগোষ্ঠী মারমা ও ত্রিপুরা।
- মারমাদের সংখ্যা ২ লাখ ২৪ হাজার ২৬২ আর ত্রিপুরাদের সংখ্যা ১ লাখ ৫৬ হাজার ৫৭৮।
- চতুর্থ স্থানে আছে সমতলের জাতিগোষ্ঠী সাঁওতাল। তাঁদের সংখ্যা ১ লাখ ২৯ হাজার ৪৯ জন।
উৎস: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ওয়েবসাইট, প্রথম আলো

৮৫) সম্প্রতি ব্রিটেনের সাধারণ নির্বাচনে কোন দল জয়ী হয়?
ক) লেবার পার্টি খ) ডেমোক্রেটিক ইউনিয়ন
গ) স্কটিশ এলায়েন্স ঘ) কনজারভেটিভ পার্টি
সঠিক উত্তরঃ বাতিল করা হয়েছে।
তৎকালীন সাম্প্রতিক প্রশ্ন, তাই তা বাতিল করা হয়েছে।
বর্তমানে কনজারভেটিভ পার্টি ব্রিটেনের ক্ষমতায় রয়েছে।

৮৬) বৌদ্ধ সভ্যতার তীর্থস্থান 'তক্ষশীলা' কোথায় অবস্থিত?
ক) পাকিস্তান খ) নেপাল
গ) শ্রীলংকা ঘ) ভারত
সঠিক উত্তরঃ ক) পাকিস্তান
তক্ষশীলা পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের রাওয়ালপিন্ডি জেলায় অবস্থিত শহর এবং একটি গুরুত্বপূর্ণ প্রত্নতাত্ত্বিক স্থান।
- প্রাচীন তক্ষশীলা নগরী ছিল হিন্দু ও বৌদ্ধ ধর্মের একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র এবং বর্তমান সময়েও উক্ত ধর্মদুটির ঐতিহ্যে এ স্থানটির একটি ঐতিহাসিক ও ধর্মীয় গুরুত্ব রয়েছে। ১৯৮০ সালে বেশকিছু এলাকাসহ তক্ষশীলাকে ইউনেস্কো বিশ্ব ঐতিহ্যবাহী স্থান হিসেবে ঘোষণা করা হয়।
- গার্ডিয়ান পত্রিকা ২০০৬ সালে এটিকে পাকিস্তানের শীর্ষ পর্যটন স্থান হিসেবে নির্বাচিত করে।
- কথিত আছে, কৌটিল্য তাঁর অর্থশাস্ত্র এই নগরেই রচনা করেছিলেন।
উৎস: ব্রিটানিকা

৮৭) 'অর্থশাস্ত্র' গ্রন্থটি কার রচনা?
ক) আবুল ফজল খ) কৌটিল্য
গ) ইবনে খালদুন ঘ) দীনেশ চন্দ্র সেন
সঠিক উত্তরঃ খ) কৌটিল্য
- প্রাচীন ভারতের শ্রেষ্ঠ দার্শনিক, অর্থনীতিবিদ, সমরবিদ কৌটিল্য কর্তৃক রচিত গ্রন্থ হলো অর্থশাস্ত্র।
- এই বইয়ে রাজনীতি, অর্থনীতি, সমরনীতি, কৃষি, আন্তর্জাতিক সম্পর্ক প্রভৃতি বিষয় সম্পর্কে বর্ণনা করা হয়েছে।
- কৌটিল্য চাণক্য ও বিষ্ণুগুপ্ত নামেও পরিচিত। তিনি চন্দ্রগুপ্ত মৌর্যের মন্ত্রী ছিলেন।
(সূত্রঃ বাংলাপিডিয়া)

৮৮) 'সৎগুণই জ্ঞান' উক্তিটি কার?
ক) সক্রেটিস খ) প্লেটো
গ) জন লক ঘ) এরিস্টটল
সঠিক উত্তরঃ ক) সক্রেটিস
- সক্রেটিসকে বলা হয় প্রাশ্চাত্য রাজনৈতিক দর্শনের পিতামহ এবং নীতি শাস্ত্রের পুরোধা।
- তাঁর অন্যতম বাণী ছিল 'সদগুণই জ্ঞান'।
- তাঁর মতে, জ্ঞান দু'প্রকার : একটি হলো আপাত জ্ঞান এবং অপরটি প্রকৃত জ্ঞান।
- তিনি বলেন, সব মানুষের কর্তব্য হলো সত্য জ্ঞানের সন্ধান করা এবং তা তারা তখনই আয়ত্ব করতে পারবে যখন তারা নিজেদেরকে জানতে পারবে।
- জ্ঞানের মতো সদগুণও দু'প্রকার। এক ধরনের সদগুণ মতামত নির্ভর; অন্যটি সত্য নির্ভর। প্রথমটি ক্ষণস্থায়ী এবং দ্বিতীয়টি চিরস্থায়ী।
- সমকালীন সফিস্টদের তুলনায় সক্রেটিস তাঁর জ্ঞানের সীমাবদ্ধতা সম্পর্কে সচেতন ছিলেন।
- তিনি বলতেন, 'আমি একটি বিষয় জানি এবং তা হল আমি কিছুই জানি না।'
- প্রশ্নের পর প্রশ্নোত্থাপনের মাধ্যমে তিনি শিষ্যদের বুঝিয়ে দিতেন একটি বিষয় সম্পর্কে তারা কতটা অজ্ঞ।
- তাঁর মতে, দর্শনের শুরু হয় আত্মজিজ্ঞাসা দিয়ে (Know thyself)।
- তিনি মনে করতেন 'পৃথিবীতে মানুষের চাইতে বড় কিছু নেই; আর মানুষের মাঝে আত্মার চাইতে বড় কিছু হয় না।'
- মানুষের কি হওয়া উচিৎ আর কোন গুণের পেছনে ধাবিত হওয়া কর্তব্য এ সব বিষয় নিয়ে তিনি আলোচনায় অবতীর্ণ হতেন।
উৎস: নীতিবিদ্যা, এসএসএইচএল প্রোগ্রাম; উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

৮৯) যুক্তফ্রন্টের ২১ দফার ১ম দফাটি ছিল-
ক) বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠা করা
খ) পাটকল জাতীয়করণ করা
গ) চাকরিতে সকলের সমান অধিকার নিশ্চিত করা
ঘ) পূর্ব পাকিস্তানের সুষম উন্নয়ন নিশ্চিত করা
সঠিক উত্তরঃ ক) বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠা করা
৪ ডিসেম্বর ১৯৫৩ সালে গঠিত হয় যুক্তফ্রন্ট।
- যুক্তফ্রন্ট কর্তৃক নির্বাচনী প্রচারণা পরিচালিত হয় ২১ দফার ভিত্তিতে।
- ২১ দফার অন্যতম রচয়িতা ছিলেন আবুল মনসুর আহমদ।
- ২১ দফার প্রথম দফাটি ছিল বাংলা ভাষাকে পাকিস্তানের রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দান।
- যুক্তফ্রন্টের নির্বাচনী প্রতীক ছিল নৌকা।
- যুক্তফ্রন্ট সরকার মাত্র ৫৬ দিন ক্ষমতায় ছিলো।
উৎসঃ পৌরনীতি ও সুশাসন, একাদশ-দ্বাদশ শ্রেণি, প্রফেসর মোঃ মোজাম্মেল হক।

৯০) এডিস মশা নিচের কোন রোগটির বাহন?
ক) গোদ রোগ খ) ম্যালেরিয়া
গ) চিকুনগুনিয়া ঘ) ফাইলেরিয়া
সঠিক উত্তরঃ গ) চিকুনগুনিয়া
এডিস মশার কারণে চিকুনগুনিয়া রোগ হয়।
- চিকুনগুনিয়া এক ধরণের ভাইরাল সংক্রমণ যেটা এডিস নামের একটি মশার কামড়ানোর ফলে হয়।
- এই মশাটি সাধারণত দিনের বেলায় কামড়ায়।
- চিকুনগুনিয়া সংক্রামিত মশার কামড়ের মাধ্যমে মানুষের মধ্যে ছড়িয়ে পড়ে।
চিকুনগুনিয়া রোগের লক্ষণসমূহ-
১. প্লাটিলেট কমে যায়। শরীর ব্যথা, মাথাব্যথা, চোখ লাল হওয়া ও চোখ ব্যথা, চোখ থেকে পানি পড়া, অরুচি বা বমি বমি ভাব ইত্যাদি দেখা দেয়।
২. বিভিন্ন স্থানে হামের মতো র‍্যাশ হতে পারে।
৩. গায়ে রক্ত জমে ছিটা ছিটা দাগ থাকতে পারে।
সূত্র- Centers for Disease Control and Prevention [লিঙ্ক]

৯১) কত সালে মার্কিন যুক্তরাষ্ট্রে নারীরা ভোটাধিকার লাভ করে?
ক) ১৮২০ সালে খ) ১৮২১ সালে
গ) ১৯২০ সালে ঘ) ১৯২১ সালে
সঠিক উত্তরঃ গ) ১৯২০ সালে
- বিশ্বে সর্বপ্রথম ১৮৯৩ সালে নিউজিল্যান্ডের নারীরা ভোটাধিকার লাভ করে।
পরবর্তীতে,
- ১৯০২ সালে - অস্ট্রেলিয়া,
- ১৯০৬ সালে - ফিনল্যান্ড এবং
- ১৯১৫ সালে ডেনমার্কের নারীরা ভোটাধিকার লাভ করে।
- যুক্তরাজ্যের নারীরা ১৯১৮ সালে প্রথম শর্ত সাপেক্ষে এবং ১৯২০ সালে যুক্তরাষ্ট্রের নারীরা ভোটাধিকার লাভ করে।
- মুসলিম দেশগুলোর মধ্যে ১৯১৮ সালে কিরগিজস্তানের নারীরা প্রথম ভোটাধিকার লাভ করে। ১৯৩০ সালে তুর্কি নারীরা এবং ১৯৪৯ সালে আরববিশ্বে প্রথম সিরিয়ার নারীরা ভোটাধিকার লাভ করে।
- পাকিস্তান, ভারত ও বাংলাদেশের নারীরা ভোটাধিকার লাভ করে যথাক্রমে ১৯৪৭, ১৯৫০ এবং ১৯৭২ সালে।
সূত্রঃ ইন্টার পার্লামেন্টারি ইউনিয়ন ওয়েবসাইট।

৯২) আন্তর্জাতিক নারী দিবস কবে পালিত হয়?
ক) ৮ মার্চ খ) ৫ জুন
গ) ১০ ডিসেম্বর ঘ) ৮ সেপ্টেম্বর
সঠিক উত্তরঃ ক) ৮ মার্চ
আন্তর্জাতিক নারী দিবস পালিত হয় - ৮ মার্চ।
এ বছর এই দিবসের প্রতিপাদ্য ছিল - টেকসই আগামীর জন্য, জেন্ডার সমতাই আজ অগ্রগণ্য।
সূত্র: লাইভ এমসিকিউ সাম্প্রতিক সমাচার, এপ্রিল ২০২২

৯৩) জলবায়ু পরিবর্তন রোধে গঠিত গ্রিন ক্লাইমেট ফান্ড (GCF)-এর সদর দপ্তর কোথায়?
ক) ইনচিয়ন, দক্ষিণ কোরিয়া খ) প্যারিস, ফ্রান্স
গ) ভিয়েনা, অস্ট্রিয়া, ঘ) ওয়াশিংটন, যুক্তরাষ্ট্র
সঠিক উত্তরঃ ক) ইনচিয়ন, দক্ষিণ কোরিয়া
২০১০ সালে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় গ্রিন ক্লাইমেট ফান্ড গঠিত হয়।
- এর প্রধান কার্যালয় দক্ষিণ কোরিয়ার ইনচিয়ন শহরে অবস্থিত।
- এই ফান্ড থেকে জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাবের শিকার উন্নয়নশীল গুলোকে সহায়তা করা হয়।
- এছাড়া নবায়নযোগ্য জ্বালানি খাতে সহায়তা প্রদান করা হয়। উন্নত দেশসমূহ এ ফান্ডে অর্থ সহায়তা দিয়ে থাকে।
সূত্রঃ গ্রিন ক্লাইমেট ফান্ড ওয়েবসাইট।

৯৪) পিঁপড়া ও মৌমাছির কামড়ে থাকে—
ক) অ্যাসকরবিক এসিড খ) অক্সালিক এসিড
গ) মিথানয়িক এসিড ঘ) টারটারিক এসিড
সঠিক উত্তরঃ গ) মিথানয়িক এসিড
পিঁপড়া ও মৌমাছির কামড়ে মিথানয়িক এসিড বিদ্যমান।
- মিথানয়িক এসিডের অপর নাম ফরমিক এসিড।
- মিথানয়িক এসিড কার্বক্সিলিক এসিডের অন্তর্ভুক্ত একটি এসিড যা, টেক্সটাইল শিল্পে ব্যাপকহারে ব্যবহৃত হয়।
সূত্র- ব্রিটানিকা ওয়েবসাইট।

৯৫) ২২তম বিশ্বকাপ ফুটবল খেলা অনুষ্ঠিত হবে কোন দেশে?
ক) জার্মানি খ) আর্জেন্টিনা
গ) মেক্সিকো ঘ) কাতার
সঠিক উত্তরঃ ঘ) কাতার

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

- ২০১৮ সালের ফুটবল বিশ্বকাপ রাশিয়ায় অনুষ্ঠিত হয়।
- ২০২২ সালের ২১ নভেম্বর থেকে ১৮ ডিসেম্বর কাতারে অনুষ্ঠিত হবে ২২তম ফিফা ফুটবল বিশ্বকাপের আসর।
- এর মাধ্যমে প্রথমবারের মতো কোন মুসলিম দেশে ফুটবল বিশ্বকাপ অনুষ্ঠিত হতে হচ্ছে।
- ২০২৬ সালে ২৩তম ফুটবল বিশ্বকাপের আয়োজক যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকো।

সোর্সঃ ফিফা ওয়েবসাইট

৯৬) এয়ারফোর্স ওয়ান কী?

ক) ব্রিটেনের প্রধানমন্ত্রীর বিমান খ) রাশিয়ার রাষ্ট্রপতির বিমান
গ) আমেরিকার রাষ্ট্রপতির বিমান ঘ) স্পেনের রানির বিমান

সঠিক উত্তরঃ গ) আমেরিকার রাষ্ট্রপতির বিমান

- হোয়াইট হাউস হচ্ছে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের সরকারি বাসভবন ও প্রধান প্রশাসনিক দপ্তরের নাম।
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট অফিস ওভাল অফিস নামে পরিচিত।
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টকে বহনকারী বিমানের নাম এয়ারফোর্স ওয়ান।
- ওয়াল স্ট্রিট হলো নিউইয়র্ক শহরের একটি প্রখ্যাত সড়ক।
- পৃথিবীর অন্যতম গুরুত্বপূর্ণ বিনিয়োগ বাজার নিউইয়র্ক স্টক এক্সচেঞ্জ এই সড়কে অবস্থিত।

উৎসঃ যুক্তরাষ্ট্রের সরকারি ওয়েবসাইট।

৯৭) দক্ষিণ আফ্রিকার মুদ্রার নাম কী?

ক) ক্রোনার খ) ক্রুজিরা
গ) পেশো ঘ) র‍্যান্ড

সঠিক উত্তরঃ ঘ) র‍্যান্ড

আফ্রিকা মহাদেশের সর্ব দক্ষিণাঞ্চলের দেশ হলো - দক্ষিণ আফ্রিকা।
- দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রীয়/প্রশাসনিক নাম - Republic of South Africa
- দক্ষিণ আফ্রিকার রাজধানী: (৩টি)
  - নির্বাহী রাজধানী - প্রিটোরিয়া,
  - বিচার বিভাগীয় রাজধানী - ব্লুমফন্টেইন ও
  - সংসদীয় রাজধানী - কেপ টাউন
- রাষ্ট্রীয় ভাষা - ইংরেজি
- দক্ষিণ আফ্রিকা মুদ্রার নাম - র‍্যান্ড (Rand)
- সংসদের নাম - পার্লামেন্ট (২ কক্ষ বিশিষ্ট); উচ্চকক্ষ - National Council ও নিম্নকক্ষ - National Assembly
- ব্রুনাই মুদ্রার নাম ডলার
- রাশিয়ার মুদ্রার নাম রুবল
- পোল্যান্ড মুদ্রার নাম জলোটি (złoty)

[উৎস: ব্রিটানিকা]

৯৮) কোন যন্ত্রের সাহায্যে সমুদ্রের গভীরতা মাপা হয়?

ক) থার্মোমিটার খ) ফ্যাদোমিটার
গ) স্ফিগমোম্যানোমিটার ঘ) রিকটার স্কেল

সঠিক উত্তরঃ খ) ফ্যাদোমিটার

ফ্যাদোমিটার যন্ত্রের সাহায্যে সমুদ্রের গভীরতা মাপা হয়।

- সাগর বা মহাসাগরের চলাচলকারি জাহাজের নিরাপত্তার জন্য সাগর বা মহাসাগরের গভীরতা জানা অত্যন্ত প্রয়োজনীয় জিনিস গভীর সমুদ্রের তলদেশে প্রতিফলিত শব্দের সাহায্যে সমুদ্রের গভীরতা নির্ণয় করা হয় এই কাজের জন্য যে যন্ত্র ব্যবহার করা হয় তাকে ফ্যাদোমিটার বা ইকোগ্রাফ বলে।
- সমুদ্রের তলদেশ থেকে প্রতিফলিত হয়ে ফিরে আসার জন্য এ ধরনের একটি ইউনিট এর শব্দ উৎপাদনের জন্য একটি শব্দ প্রতিশব্দ উৎপাদক রয়েছে এ যন্ত্রে একটি অংশে স্বয়ংক্রিয় ভাবে ক্ষণিক শব্দের সম্পূর্ণ ভ্রমণ কাল লিপিবদ্ধ করা হয় পানিতে শব্দের বেগ এবং একে দ্বারা চিহ্নিত করা হয় এসময় জাহাজটি কর্তৃক অতিক্রান্ত দূরত্ব হলে পরবর্তী সমীকরণ থেকে সমুদ্রের গভীরতা নির্ণয় করা যায়।
- এই যন্ত্রের কার্যকারিতা মূলত শব্দের প্রতিধ্বনির ওপর নির্ভর করে ।
- ধ্বনির উৎপত্তি থেকে ফিরে আসা প্রতিধ্বনি সময়ের পার্থক্য থেকে সমুদ্রের গভীরতা নির্ণয় করা হয়।

সূত্র- জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর ওয়েবসাইট [লিঙ্ক]

৯৯) কম্পিউটারের স্থায়ী স্মৃতিকে বলে-

ক) ROM খ) RAM
গ) Hard Disc ঘ) Compact Disc

সঠিক উত্তরঃ ক) ROM

ROM কম্পিউটারের স্থায়ী মেমোরি হিসেবে কাজ করে।
- ROM এ তথ্য শুধু পাঠ করা যায়, কিন্তু কোন নতুন তথ্য সংযোজন করা যায় না, তাই একে Read Only Memory বলে।
- ROM এ স্থায়ীভাবে তথ্য সংরক্ষণ করা যায়।
- যখন বিদ্যুৎ চলে যায়, অথবা কম্পিউটার বন্ধ করা হয়, তখন ROM থেকে তথ্য মুছে যায় না।

সূত্র- ৪৪ পৃষ্ঠা, কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি-১, এসএসসি ও দাখিল (ভোকেশনাল)।

১০০) জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য সংখ্যা হলো-

ক) ৪টি খ) ৫টি
গ) ৬টি ঘ) ৭টি

সঠিক উত্তরঃ খ) ৫টি

জাতিসংঘের স্থায়ী সদস্য ৫টি দেশ। দেশগুলো নিরাপত্তা পরিষদেরও স্থায়ী সদস্য।
- জাতিসংঘের নিরাপত্তা পরিষদের মোট সদস্য সংখ্যা ১৫টি।
- এর মধ্যে ৫টি স্থায়ী সদস্য এবং ১০টি অস্থায়ী সদস্য।
- স্থায়ী সদস্য ৫টি দেশ হলো: যুক্তরাষ্ট্র, রাশিয়া, চীন, যুক্তরাজ্য ও ফ্রান্স।
- নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্যদের ভেটো ক্ষমতা রয়েছে।

জাতিসংঘের নিরাপত্তা পরিষদে যেকোন প্রস্তাব পাশের জন্যে এই ৫টি দেশের সম্মতির প্রয়োজন হয়।

(সূত্রঃ জাতিসংঘ ওয়েবসাইট)

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322